দৈনিক বাংলা

13/10/80

# অপরাধ কি?

(নিজস্ব সংবাদদাতা)

নেত্রকোণা, ১৩ই অক্টোবর।— নেত্রকোণা মহকুমার ১১টি থানার ৫৫ জন প্রাথমিক শিক্ষক-শিক্ষিকা দু' বছর যথারীতি শিক্ষকতা করার পর তাদের চাকরিচ্যুত করা হয়েছে।

মহকুমা শিক্ষা দফতর সূত্রে প্রকাশ, প্যানেল কমিটির মাধ্যমে পরীক্ষা-নিরীক্ষার পর যোগ্য বিবেচিত করে এসব শিক্ষক-শিক্ষিকাকে দু' বছর আগে মহকুমার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের শূন্য পদে স্থায়ীভাবে নিয়োগ করা হয়। এদের যথারীতি বেতন বৃদ্ধি এবং বিভিন্ন বিদ্যালয়ে বদলি করা হয়। অথচ কোনরূপ কারণ না দেখিয়ে এদের সকলকেই গত জুলাই মাস থেকে চাকরিচ্যুত করে পদগুলো শূন্য ঘোষণা করা হয়।

এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে জানা যায় যে, ময়মনসিংহ জেলা প্রশাসকের তত্ত্বাবধানে উপরোক্ত শিক্ষকদের নিয়োগ করা হয়েছিল। কিন্তু সে সময় অর্থ দফতরের কোন মঞ্জুরী না থাকায় শিক্ষকদের চাকরি বর্তমানে বাতিল করে দেয়া হয়।